শ্রী রামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

শ্রেণি – প্রিপ্যারেটরি

বিষয় – গণিত

সমস্যার যোগ

১। ২ ও ৩ সংখ্যা দুটি একত্র করলে উত্তর কতো হবে?

উ:- ৫ হবে।

২। ২টি আম, ৩টি হরিণ, ৫টি কলম, ৪টি আতা –এদের মধ্যে একই ধরনের বা একই জাতীয় কোনগুলি? একই ধরনের জিনিসগুলি একত্র করলে উত্তর কতো হবে?

উ:- ২টি আম, ৪টি আতা। ৬টি ফল।

৩।একই ধরনের বা একই জাতীয় জিনিসকে ভালো কথায় কী বলে?

উ:- সমজাতীয় জিনিস।

৪। অসমজাতীয় জিনিস কাকে বলে?

উ:- একই ধরনের বা একই জাতীয় নয় এমন জিনিসকে অসমজাতীয় জিনিস বলে।

৫। ২টি আম ও ৩টি আম একত্র করলে উত্তর কতো হবে?

উ:- ৫টি আম।

৬। ২টি আম ও ৩টি পায়রা একত্র করা যাবে? কেনো?

উ:- না, এরা অসমজাতীয়।

৭।যোগ করতে কোন জাতীয় জিনিস প্রয়োজন হয়?

উ:- সমজাতীয় জিনিস ।

৮। ৫, ২টি ডালিয়া, ৩টি আম, ৬টি গোলাপ - এদের মধ্যে কোনগুলি যোগ করা যাবে? উত্তর কতো হবে?

উ:- ২টি ডালিয়া + ৬টি গোলাপ = ৮টি ফুল ।

৯।তুমি জন্মদিনে ৫টি চকলেট পেয়েছ, মা তোমাকে ২টি চকলেট দিল, দাদা ৩টি চকলেট দিল। তুমি জন্মদিনে মোট কতগুলি চকলেট পেলে?

উ:- ১০টি চকলেট।

১০।অঙ্কটা কোন পদ্ধতিতে করা হলো?

উ:- যোগ পদ্ধতিতে।

১১। অঙ্কটা কি সাধারণ যোগ পদ্ধতিতে করা হলো?

উ:- না, এটা সমস্যার যোগ।

১২।এটা সমস্যার যোগ অঙ্ক কিভাবে বোঝা গেলো?

উ:- মোট দেখে।

১৩।সমস্যার যোগ অঙ্ক মানে কী?

উ:- প্রশ্নের যোগ অঙ্ক।

১৪।একটি বাগানে ১৯৫টি গোলাপ ফুল, ৭৮টি ডালিয়া ফুল ও ৯টি চন্দ্রমল্লিকা ফুল ফুটেছে। বাগানে মোট কতোগুলি ফুল ফুটেছে?

|  | +১ | +২ |  |  |
|---|---|---|---|---|
|  | শ | দ | এ |  |
|  | ১ | ৯ | ৫ | টি গোলাপ ফুল |
|  |  | ৭ | ৮ | টি ডালিয়া ফুল |
| + |  |  | ৯ | টি চন্দ্রমল্লিকা ফুল |
|  | ২ | ৮ | ২ | টি ফুল |

উ:- বাগানে মোট ২৮২ টি ফুল ফুটেছে।

১৫।একটি গ্রামে তিনদিন যথাক্রমে ২০৫ জন, ৯৮ জন ও ৬২ জন করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছে। গ্রামে মোট কতজন মানুষ আক্রান্ত হয়েছে?

+১ +১

শ দ এ

২ ০ ৫ জন

৯ ৮ জন

\+ ৬ ২ জন

৩ ৬ ৫ জন

উ:- গ্রামে মোট ৩৬৫ জন মানুষ আক্রান্ত হয়েছে।

১৬। আমফান ঝড়ে সুন্দরবনে ৩৬২টি কাঁচাবাড়ি, ৬৯টি বিদ্যালয়, ২৫টি পাকাবাড়ি ভেঙে পড়েছে। সুন্দরবনে মোট কতগুলি বাড়ি ভেঙে পড়েছে?

+১ +১

শ দ এ

৩ ৬ ২ টি কাঁচাবাড়ি

৬ ৯ টি বিদ্যালয়

\+ ২ ৫ টি পাকাবাড়ি

৪ ৫ ৬ টি বাড়ি

উ:- সুন্দরবনে মোট ৪৫৬ টি বাড়ি ভেঙে পড়েছে।

- নিজে করো অঙ্ক বই থেকে সমস্যার যোগ অঙ্ক অভ্যাস করবে।

বি:দ্র:–

- ছাত্র–ছাত্রীদের যদি পাঠ বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box এ পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো ।